# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 22 April, 2025

মানবতাবিরোধী অপরাধের মামলায় মৃত্যুদণ্ডের রায় নিয়ে জামায়াত নেতা এ টি এম আজহারুল ইসলামের করা আপিলের ওপর আগামী ৬ মে আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে শুনানি হবে।

প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন চার সদস্যের আপিল বিভাগ আজ মঙ্গলবার এ সিদ্ধান্ত দেন।আদালত বলেছেন, সেদিন আপিলটি কার্যতালিকার শীর্ষে থাকবে।

এর আগে আজহারুলের করা আপিল শুনানির জন্য দিন নির্ধারণে গতকাল সোমবার আরজি জানান তাঁর আইনজীবী।আজ আপিলটি আদালতের কার্যতালিকায় ২৮ নম্বর ক্রমিকে ওঠে।

আদালতে আজহারুলের পক্ষে ছিলেন, জ্যেষ্ঠ আইনজীবী এহসান এ সিদ্দিক এবং আইনজীবী মোহাম্মদ শিশির মনির।রাষ্ট্রপক্ষে ছিলেন অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল অনীক আর হক।

মানবতাবিরোধী অপরাধের মামলায় মৃত্যুদণ্ডের রায় রিভিউ চেয়ে এ টি এম আজহারুল ইসলামের করা আবেদনের শুনানি নিয়ে গত ২৬ ফেব্রুয়ারি আপিল বিভাগ লিভের অনুমতি মঞ্জুর করে আদেশ দেন।সেই সঙ্গে পাশাপাশি দুই সপ্তাহের মধ্যে আপিলের সংক্ষিপ্তসার জমা দিতে বলা হয়।পরে আপিলের সংক্ষিপ্তসার জমা দেওয়া হয়।আপিল শুনানির দিন নির্ধারণের জন্য আজ আদালতে আরজি জানান আজহারুলের আইনজীবী।আজ আপিল বিভাগ পূর্ণাঙ্গ বেঞ্চে আপিল শুনানির জন্য ৬ মে দিন নির্ধারণ করেন।

মহান মুক্তিযুদ্ধের সময় মানবতাবিরোধী অপরাধের মামলায় ২০১৪ সালের ৩০ ডিসেম্বর

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আজহারুলকে মৃত্যুদণ্ড দিয়ে রায় দেন। এ রায়ের বিরুদ্ধে ২০১৫ সালের ২৮ জানুয়ারি আপিল করেন আজহারুল।

এই আপিলের ওপর শুনানি শেষে মানবতাবিরোধী অপরাধের মামলায় আজহারুল ইসলামের মৃত্যুদণ্ড বহাল রেখে ২০১৯ সালের ৩১ অক্টোবর আপিল বিভাগ রায় দেন।২০২০ সালের ১৫ মার্চ আপিল বিভাগের পূর্ণাঙ্গ রায় প্রকাশিত হয়।

পূর্ণাঙ্গ রায় প্রকাশের পর তা পুনর্বিবেচনা চেয়ে ২০২০ সালের ১৯ জুলাই আপিল বিভাগে আবেদন করেন তিনি। এই পুনর্বিবেচনার আবেদনের শুনানি শেষে ২৬ ফেব্রুয়ারি লিভ মঞ্জুর করে আদেশ দেন আপিল বিভাগ। এর ধারাবাহিকতায় মৃত্যুদণ্ড বহালের রায়ের বিরুদ্ধে রিভিউর পরিপ্রেক্ষিতে আজহারুলের করা আপিলের ওপর আগামী ৬ মে শুনানি শুরু হতে যাচ্ছে। আজহারুল বর্তমানে কারাগারে আছেন।

মানবতাবিরোধী মৃত্যুদণ্ড জামায়াত নেতা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:55

URL: https://www.timestodaybd.com/national/122454392